# ঢাকা রেঞ্জে ওসি নিয়োগের নামে প্রতারণা, ডিআইজির সতর্কবার্তা




ছবি: সংগৃহীত

ঢাকা রেঞ্জের বিভিন্ন জেলায় থানার অফিসার-ইন-চার্জ (ওসি) পদে নিয়োগের নাম করে একটি প্রতারকচক্র সক্রিয় হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বিশেষ বার্তা দিয়েছে ঢাকা রেঞ্জ কর্তৃপক্ষ।

শুক্রবার ঢাকা রেঞ্জের মিডিয়া সেল থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি কিছু অসাধু ব্যক্তি ও দালালচক্র ওসি পদায়নের প্রলোভন দেখিয়ে প্রতারণার চেষ্টা চালাচ্ছে। তারা ঢাকা রেঞ্জের ডিআইজির নাম ভাঙিয়ে অর্থ লেনদেনের মাধ্যমে মানুষকে বিভ্রান্ত করছে।

এ বিষয়ে ডিআইজি কার্যালয় স্পষ্ট করে জানিয়েছে, থানার ওসি পদে নিয়োগ দেওয়ার ক্ষমতা তাদের নেই। এই দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারের (এসপি) ওপর নির্ভরশীল। যোগ্যতা, দক্ষতা ও পেশাগত মূল্যায়নের ভিত্তিতেই এসব পদায়ন হয়ে থাকে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, ডিআইজির নাম ব্যবহার করে অর্থের বিনিময়ে ওসি বানানোর প্রতিশ্রুতি দেওয়া সম্পূর্ণ ভুয়া ও প্রতারণামূলক। এ ধরনের কাজ আইনত দণ্ডনীয় অপরাধ এবং এর মাধ্যমে জনমনে বিভ্রান্তি ছড়ানোর পাশাপাশি সংশ্লিষ্ট কর্মকর্তার সুনাম নষ্টের অপচেষ্টা চলছে।

ঢাকা রেঞ্জসহ বাংলাদেশ পুলিশ এ ধরনের প্রতারণার বিরুদ্ধে কঠোর অবস্থানে রয়েছে। সংশ্লিষ্ট প্রতারকদের শনাক্ত করা গেলে তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানানো হয়েছে।